

# ফেব্রুয়ারির মধ্যেই প্রয়োজনীয় পাঠ্যবই পাবে শিক্ষার্থীরা

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ০২:৪৫, ১৭ ফেব্রুয়ারি ২০২৫



শিক্ষা উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ

শিক্ষা উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেছেন, ফেব্রুয়ারির মধ্যেও সব বই হাতে পাচ্ছে না শিক্ষার্থীরা। তবে প্রয়োজনীয় ৬টি পাঠ্যবই চলতি মাসের মধ্যেই শিক্ষার্থীদের কাছে পৌঁছে যাবে।

রবিবার (১৬ ফেব্রুয়ারি) বিকেলে ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসকদের কার্য-  
অধিবেশনে তিনি এ কথা বলেন।

শিক্ষা উপদেষ্টা বলেন, চর দখলের মতো স্কুল কলেজের পরিচালনা পর্ষদ দখলের চেষ্টা হচ্ছে নতুন করে।  
এক্ষেত্রে রাজনৈতিক চাপ মোকাবেলা করে স্থানীয় ভালো ও গ্রহণযোগ্য মানুষদের পর্ষদে নিতে হবে।

তিনি আরও বলেন, সামনে নির্বাচন আসছে। সবার দাবি দাওয়া মেটানো নয় সুষ্ঠু নির্বাচন  
করাই সরকারের প্রধান লক্ষ্য। অন্তর্বর্তী সরকারের কারও নামে কোথাও কোনো স্থাপনার  
নাম হবে না। আমরা এটা চাই না। এ ব্যাপারে নিরুৎসাহিত করছি।

এছাড়াও বেসরকারি স্কুল শিক্ষকরা নানাভাবে বঞ্চিত উল্লেখ করে তারা যেনো প্রাপ্য ভাতা  
পান সেদিকে খেয়াল রাখতে আহ্বান জানান শিক্ষা উপদেষ্টা।

---